দৈনিক ইত্তেফাক

29

তারিখ ... 0.1 JUL 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ৬ ...

# কোর্স বিলুপ্ত, তবু ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হইয়াছে

॥ রেজাউর রহমান ॥

ডাকসু নির্বাচন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিশেষ ব্যবস্থাধীনে পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইন্সটিটিউটে ভর্তি হওয়া দেড় শতাধিক ছাত্র-ছাত্রী ক্লাস করার সুযোগ পাইতেছে না। ইন্সটিটিউট কর্তৃপক্ষ জানাইয়া দিয়াছে, যে কোর্সে ছাত্র-ছাত্রীদের (৪র্থ পৃঃ দ্রঃ)

(১ম পৃঃ পর)

ভর্তি করা হইয়াছে তাহা বর্তমানে লুপ্ত। কাজেই নূতন ছাত্র-ছাত্রীদের ক্লাস নেওয়া সম্ভব নয়।

ছাত্রনেতাদের যৌথ আবেদনের প্রেক্ষিতে ডাকসু নির্বাচনে অংশগ্রহণের সুযোগ করিয়া দেওয়ার জন্য কর্তৃপক্ষ পুষ্টি ও খাদ্য বিজ্ঞান বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তি করে। উল্লেখ্য, ১৯৮৯ সালের ডাকসু নির্বাচন উপলক্ষে এই বিভাগে ৪১ জনকে ভর্তি করা হয়। উল্লেখিতদের অধিকাংশ ক্লাসে অংশ না নেওয়ায় গত বছর এই 'ডিপ্লোমা' কোর্স বন্ধ করিয়া দেওয়া হয়। চলতি বছর ডাকসু নির্বাচন উপলক্ষে ছাত্র নেতাদের ভর্তি প্রসঙ্গ উত্থাপিত হওয়ায় পুনরায় পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনষ্টিটিউটের কথা উঠে। নূতন করিয়া ছাত্র-ছাত্রী ভর্তির ব্যাপারে ইনষ্টিটিউট হইতে আপত্তি করা হইলেও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলে বিষয়টি পাস হয়। তবে ডিপ্লোমা কোর্স পুনরুজ্জীবিত না করিয়াই নূতন ভর্তির আদেশ জারি হয়। এবারের নির্বাচনে প্রতিটি ছাত্র সংগঠনের জন্য ৫ জন করিয়া ছাত্র ভর্তির সুযোগ দেওয়া হয়। এই সুযোগে নূতন কয়েকটি ছাত্র সংগঠন আত্মপ্রকাশ করে। যাহাদের কেন্দ্রীয় কমিটি ছাড়া কোন হলেই সমর্থক নাই তাহারাও ৫ জন ছাত্র-ছাত্রীর ভর্তির সুযোগ নেয়। আবার তড়িঘড়ি একটি ছাত্র সংগঠন প্রতিষ্ঠা করিয়া কেউ কেউ নূতন করিয়া ভর্তি হয়। ভর্তির সুযোগ কাজে লাগাইয়া কতিপয় ব্যক্তির মোটা অংকের উৎকোচ গ্রহণের কথাও ক্যাম্পাসে শোনা যাইতেছে।

গতবার ভর্তির পর অধিকাংশই যোগাযোগ না করিলেও এবার অনেকেই ক্লাস করার ইচ্ছা প্রকাশ করিয়া ইনষ্টিটিউটে যোগাযোগ করিয়া ব্যর্থ হইয়াছে। একটি সূত্র জানায়, উল্লেখিত ছাত্র-ছাত্রীদের ভর্তি ফরমে 'শুধুমাত্র ডাকসু নির্বাচনের জন্য' কথা লেখা থাকায় বর্তমানে তাহাদের ব্যাপারে কেউ ভাবনা-চিন্তা করিতেছেন না। তবে একটি সূত্রের মতে, বিষয়টিকে শিক্ষকদের একটি গ্রুপ গুরুত্বের সাথে নিয়াছে। সূত্রটি জানায়, এই গ্রুপটি পুষ্টি বিজ্ঞান ইনষ্টিটিউট সংক্রান্ত কতিপয় প্রশ্নসম্বলিত

## ছাত্রছাত্রী ভর্তি

একটি পত্র রেজিষ্ট্রার বরাবরে প্রেরণ করিয়াছে। প্রশ্নমালারমধ্যে পুষ্টি বিজ্ঞানে মোট আসন কতটি, ভর্তির যোগ্যতাসমূহ কি কি, এবারের ভর্তির জন্য বিজ্ঞপ্তি দেওয়া হইয়াছিল কি-না ইত্যাদি উল্লেখ করা হইয়াছে। রেজিষ্ট্রার এই সব প্রশ্নের উত্তর চাহিয়া পুষ্টি বিজ্ঞান ইনষ্টিটিউটে পত্র লিখিয়াছেন বলিয়া জানা গেলেও ইনষ্টিটিউটের পরিচালক ব্যাপারটি অস্বীকার করিয়াছেন। এক প্রশ্নের জবাবে পরিচালক জানান, শুধু ডাকসু নির্বাচনের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের ভর্তির নির্দেশ দিয়াছেন। তাহাদেরকে যে কোর্সে ভর্তি করা হইয়াছে তাহা বন্ধ। কাজেই নূতন ছাত্র-ছাত্রীদের ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষই সিদ্ধান্ত গ্রহণ করিবেন। জানা যায়, পুষ্টি বিজ্ঞান ইনষ্টিটিউটে ভর্তি হইতে প্রাণ রসায়ন, মৃত্তিকা, প্রাণীবিদ্যা, উদ্ভিদ বিদ্যা, গার্হস্থ্য অর্থনীতি, কৃষি বিজ্ঞানে অনার্স, এমবিবিএস ও নার্সিং-এ ডিগ্রী প্রয়োজন। ডাকসু নির্বাচন উপলক্ষে গত দুই বছর ভর্তির সময় এইযোগ্যতা অনুসরণ করা হয় নাই।